# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৫৬. শত্রুর সাক্ষাৎ কামনা করা

আব্দুল্লাহ্ বিন্ আবু আওফা (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

يَا أَيُّهَا النَّاسُ! لاَ تَتَمَنَّوْا لِقَاءَ الْعَدُوِّ وَاسْأَلُوْا اللهَ الْعَافِيَةَ ، فَإِذَا لَقِيْتُمُوْهُمْ فَاصْبِرُوْا، وَاعْلَمُوْا أَنَّ الْجَنَّةَ تَحْتَ ظِلاَلِ السُّيُوْفِ

“হে মানব সকল! তোমরা কখনো শত্রুর সাক্ষাৎ কামনা করো না। বরং আল্লাহ্ তা’আলার নিকট সর্বদা নিজেদের নিরাপত্তা কামনা করো। তবে তোমাদের একান্ত অনিচ্ছা সত্ত্বেও যখন তোমরা হঠাৎ শত্রুর সম্মুখীন হয়ে যাবে তখন তোমরা ধৈর্যের সঙ্গে তাদের মুকাবিলা করবে এবং জেনে রাখবে যে, নিশ্চয়ই জানণাত সত্যিই তলোয়ারের ছায়ার নিচে”।[1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৭২৩৭ মুসলিম, হাদীস ১৭৪২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11306

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন